অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এ. এম ডিজাইন লিমিটেড

দিয়াখালি, বেরন জিরাবো, আশুলিয়া।

অন্যান্য ফ্যাক্টরিঃ নেই।

ACCORD
on Fire and Building Safety in Bangladesh

মে ০৬, ২০১৪

সারসংক্ষেপ

০৬.০৫.২০১৪ তারিখে হিউজ এসোসিয়েটস ইনকরপোরেশন এ. এম ডিজাইন লিমিটেড এর অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করে। এই প্রতিবেদনে পরিদর্শনকালীন সময়ের গুরুত্বপূর্ণ ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়গুলো চিহ্নিত করে এর ভিত্তিতে একর্ড দ্বারা নির্ধারিত মান অনুযায়ী পর্যবেক্ষণগুলো সমাধানের সুপারিশ করাই ছিল এই পরিদর্শনের উদ্দেশ্য। এই প্রাথমিক পরিদর্শনটি মূলতঃ পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়সমূহ চিহ্নিতকরণে সীমাবদ্ধ ছিল। এই পরিদর্শনে ছোটখাটো সমস্যাগুলোকে চিহ্নিত করা হয়নি, যা পরবর্তী ফলো-আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়া হয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।

প্রতিটি সমস্যা সমাধানের জন্য ফ্যাক্টরি কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করবে। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়সীমা এবং নকশা বা নির্মাণ সংক্রান্ত জটিলতার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সময়সীমা অনুমোদনের জন্য একর্ডের কাছে জমা দিতে হবে।

একর্ডের নিয়মানুযায়ী পরিদর্শকদের দ্বারা প্রস্তুতকৃত ইংরেজি প্রতিবেদনটি মূল প্রতিবেদন। এই ইংরেজি প্রতিবেদনের ওপর ভিত্তি করে বাংলা প্রতিবেদনটি তৈরী করা হয়েছে। তাই বাংলা প্রতিবেদনের ব্যবহৃত কোন শব্দ বা পরিভাষার অর্থ বুঝতে সমস্যা হলে অথবা যেকোন তথ্যের পরিপ্রেক্ষিতে বিভ্রান্তি এড়াতে ইংরেজি প্রতিবেদনটি দেখে নেয়ার অনুরোধ করা হল।

টেবিল নং ১: পর্যবেক্ষণ এবং সুপারিশসমূহ

নং	শ্রেণী	পর্যবেক্ষণ	সুপারিশ	বাস্তবায়নের সময়সীমা
এফ-১	অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী	ভবনের পূর্ব প্রান্তের বয়লার রুম অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা উত্তর পূর্ব দিকের ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার নির্গমন পথ থেকে পৃথক করা নয়। (অগ্নি অসহনশীল দরজা ও অরক্ষিত খোলা জায়গা)।	জেনারটর রুমটি কাজের জায়গা ও বহির্গমন পথ থেকে অন্তত ২ ঘণ্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করুন।অগ্নি পৃথকীকরণের জন্য সকল খোলা জায়গা এবং ছিদ্র ও গর্তসমূহ সিল করুন।	৩ মাস

নং	শ্রেণী	পর্যবেক্ষণ	সুপারিশ	বাস্তবায়নের সময়সীমা
এফ-২	অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী	২য় তলায় মজুদের জন্য নির্দিষ্ট স্থান (চুক্তিকৃত গুদামঘর) এবং নীচ তলায় (তৈরীকৃত পণ্যের মজুদ) অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়। (অগ্নি অসহনশীল দরজা ও অরক্ষিত খোলা জায়গা)।	শুধুমাত্র মজুদের জন্য আলাদা ঘরের ব্যবস্থা করতে হবে। এই ঘরগুলোকে অবশ্যই ন্যূনতম ১ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে পৃথক করতে হবে।	৩ মাস

এফ-৩	অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী	অরক্ষিত খোলা জায়গা থাকায় সকল নির্গমন পথ ফ্লোরে উন্মুক্ত। (সকল নির্গমন পথে দরজা আছে কিন্তু দরজাগুলো অগ্নি সহনশীল কিনা তা যাচাই করা হয়নি)	বের হবার সিঁড়িকে কাজের জায়গা এবং ভবনের অন্যান্য স্থান থেকে আলাদা করতে প্রতি তলায় ন্যূনতম ১.৫ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল দরজা স্থাপন করতে হবে এবং সকল অনিরাপদ দরজা, জানালা, ভেন্টিলেটর ইত্যাদি খোলা জায়গা ও যেকোন ধরণের ছিদ্রকে অগ্নি পৃথকীকরণের জন্য সিল করে সুরক্ষিত করতে হবে। প্রোডাকশান ফ্লোরে অগ্নি নিরাপদ দরজাগুলো যেন নিজ থেকে বন্ধ হয় এবং তাতে পজিটিভ ল্যাচিং (হুড়কা দেয়া যেন বাইরে থেকে খোলা যায় কিন্তু অগ্নিকান্ডের সময় বিস্ফোরণ বা অন্য কোন চাপে তা খুলে না যায়) ও প্যানিক হার্ডওয়ার থাকে। অগ্নি নিরাপদ দরজাগুলো যদি কাজের কারণে খোলা রাখতেই হয়, তাহলে অগ্নি সতর্কীকরণ ব্যবস্থা/ ফায়ার এলার্ম ব্যবস্থাকে পুনর্বিন্যাস করুন যেন এলার্ম সক্রিয় হলে দরজাগুলো স্বয়ংক্রিয় ভাবে বন্ধ হয়ে যায়।	৩ মাস

এফ-৪	অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী	দক্ষিণ ও উত্তর পশ্চিম দিকের নির্গমন সিঁড়ির দেয়ালের খোলা জায়গা ও অন্যান্য ছিদ্রগুলো অরক্ষিত এবং সিল করা নয়।	অগ্নি পৃথকীকরণের জন্য নির্গমন সিঁড়ির সকল ছিদ্র ও খোলা জায়গা সিল করতে হবে।	৩ মাস

এফ-৫	অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী	উত্তর পূর্ব নির্গমন পথ থেকে ভবনের বাইরে সমাবেশ স্থলে উন্মুক্ত হওয়ার পথের প্রস্থ ১০ ফিটের কম এবং এটি ভবনের অভ্যন্তর হতে অগ্নি পৃথকীকরণ সম্পন্ন নয়। (অগ্নি অসহনশীল দরজা ও অরক্ষিত খোলা জায়গা)।	ভবনের বাইরে উন্মুক্ত হবার রাস্তায় ১০ ফিট উচ্চতার মধ্যকার সকল অরক্ষিত খোলা জায়গা বা ছিদ্র সিল করতে হবে। এই রাস্তাটিকে ন্যূনতম ১ঘণ্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করতে হবে। অথবা, ভবনের বাইরে সর্বসাধারণের রাস্তায় পৌঁছানোর জন্য দূরবর্তী বিকল্প একটি নির্গমন পথের ব্যবস্থা করতে হবে। (যদি সম্ভবপর হয়)	৬ মাস

এফ-৬	বহির্গমন পথ	নীচ তলায় ভবনের সকল নির্গমন পথে বহির্গমনের দরজা / গেটে তালার ব্যবস্থা আছে।	বহির্গমনের সকল দরজা/ গেট থেকে তালার ব্যবস্থা সরিয়ে ফেলতে হবে। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ স্ট্যান্ডার্ড অনুযায়ী দরজায় বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	অবিলম্বে

এফ-৭	বহির্গমন পথ	৩য় ও ৪র্থ তলায় ব্যবহারকারীর সংখ্যা অনুযায়ী (৬৭৮ ও ৬৮৬ জন) সকল সিঁড়ির মোট নির্গমন ধারণ ক্ষমতা (৫৭৫ জন) অপর্যাপ্ত।	নির্গমন পথের ধারণ ক্ষমতা (৫৭৫ জন) অনুযায়ী ব্যবহারকারী সংখ্যা কমিয়ে আনুন। সম্ভব হলে ভবিষ্যতে নির্গমন ধারণ ক্ষমতা বাড়ানোর জন্য আরো নির্গমন সিঁড়ির ব্যবস্থা করুন।	অবিলম্বে
এফ-৮	বহির্গমন পথ	নীচ তলায় ভবনের সকল নির্গমন পথে স্লাইডিং দরজা আছে।	ভবন থেকে উন্মুক্ত স্থানে যাওয়ার পথে সকল গেট/ স্লাইডিং দরজা পরিবর্তন করে তার জায়গায় পাশে কবজা দেয়া বা সাইড হিঞ্জড, সুইংগিং দরজা (যা দু'পাশে খোলে) স্থাপন করুন। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ স্ট্যান্ডার্ড অনুযায়ী দরজায় বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	১ মাস
এফ-৯	বহির্গমন পথ	ডাইনিং এরিয়া থেকে বাইরে উন্মুক্ত হওয়ার বিকল্প পথের প্রস্থ ৩৬ ইঞ্চির কম।	এই পথের প্রস্থ ন্যূনতম ৩৬ ইঞ্চি করুন।	৩ মাস

এফ-১০	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ফায়ার এলার্ম ব্যবস্থাটি প্রাচীন, যা এনএফপিএ লিস্টে নেই। গ্রহণযোগ্য মান অনুযায়ী সংকেত দিতে ও সতর্ক করতে এটি ব্যর্থ।	ফায়ার এলার্মটি পরিবর্তন করে এনএফপিএ ৭২ অনুযায়ী লিস্টে আছে এমন একটি নতুন এলার্ম এর ব্যবস্থা করুন যা যেকোন জায়গা থেকে সহজে পরিচালনা করা যায়।	৪ মাসের মাঝে নকশা প্রণয়ন, ৯ মাসের মাঝে বাস্তবায়ন।
এফ-১১	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ভবনে সিঙ্গল স্টেশন স্মোক এলার্ম বিদ্যমান। কোন স্থানে ধোঁয়ার উপস্থিতিতে স্মোক এলার্মটি কেবলমাত্র সেই স্থানেই শব্দ করে এবং ব্যবহারকারীকে স্বয়ংক্রিয়ভাবে ফায়ার এলার্মের সংকেত দেয় না।	সিঙ্গল স্টেশন স্মোক এলার্ম পরিবর্তন করে এনএফপিএ ৭২ অনুযায়ী পুরো ভবন জুড়ে ফায়ার এলার্ম এর সাথে সংযুক্ত স্বয়ংক্রিয় স্মোক ডিটেক্টর বসাতে হবে।	১ মাস
এফ-১২	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্মের পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করা হয়নি।	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্ম ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস
এফ-১৩	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	উত্তর পশ্চিম ও উত্তর পূর্ব সিঁড়ি ঘর থেকে নির্গমন মুখে এক্সিট সাইনের ব্যবস্থা নেই।	বাইরে যাওয়ার সকল নির্গমন সিঁড়ির দরজায় এবং সকল নির্গমন পথে এক্সিট সাইন এর ব্যবস্থা করুন।	১ মাস



এফ-১৪	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	একর্ডের মান অনুযায়ী জরুরি বৈদ্যুতিক বাতির পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ এর কোন রেকর্ড পাওয়া যায়নি।	একর্ডের মান অনুযায়ী জরুরি বৈদ্যুতিক বাতির ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস